

নিত্যযাত্রী

দুর গাঁয়ের অফিসে যাই, নিত্যযাত্রী, 'আশালতা' বাসে,
ফিরি 'স্টেট'-এ কিংবা 'কলতান'-এ হৈ হৈ করে
প্রতিদিন যাতায়াত প্রায় একশ কি.মি.

দেখি তিনি রয়েছেন গ্রাম্য রূপাভাসে
নিজেকে সাজান তিনি নাণা মুর্তি ধরে
নিজেকে বাজান তিনি রিনি-রিনি, দ্রিমি-দ্রিমি
উঠোনে জবার গাছে ফুল, গাভর্না মোষ, গাই
বাঁশবনে বাতাসে কণ সানাই

মেয়ে - মরদ তোমরা যারা ক্ষেত আলো করে রাখো, তোমাদের সেলাই জান
ই

ফসলের ক্ষেতে হাওয়া অন্তঃসত্ত্বা যুবতীর হাই
জলঙ্গী নদীটি হয়ে কিছুক্ষণ থেমে বলেন তিনি ইহাদের চিনি আমি, এজগতে,
ইহাদের চিনি

সবুজ হলুদ ছিটে ফোঁটা শাক-সব্জি ফসলের কাঁথা
কবেকার মামদো ভূত, কবেকার হীরামন পাখি
একশ মাইল জুড়ে যে শ্রম যে উদ্যম আর লোকগাথা
দুহাতে কুড়িয়ে নিয়ে জড়িয়ে জড়িয়ে নিয়ে আমার শরীরে ধরে রাখি।

দেবদাস আচার্য

